

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd


নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ১৮. ০০৩. ২০১৪- ১৭৬

তারিখঃ ১৫ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিএসইসি এর নিয়ন্ত্রণাধীন শিল্প-প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য সরাসরি ক্রয় সংক্রান্ত।

সূত্রঃ ৩৬.৯৩.০০০০.০২০.৪৬.০৪৬.১৭-৮১২(১৭০) তারিখঃ ১০/০১/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন হতে প্রাপ্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ জাহিদ হোসেন) ১৫/১১/১৭
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

দপ্তর/সংস্থাঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/ গাজীপুর/রংপুর/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৬। সহকারী পরিচালক/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।



বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন

উৎকর্ষতাই আমাদের লক্ষ্য

মোঃ ইমতিয়াজ হোসেন চৌধুরী

চেয়ারম্যান

ই-মেইল : chairman@bsec.gov.bd

তারিখঃ ১০-০১-২০১৭

আধা সরকারি পত্র নং-৩৬.৯৩.০০০০.০২০.৪৬.০৪৬.১৭-৮২২(২৭০)

শ্রীঃ সত্যেন্দ্র,

নতুন বছরের শুভেচ্ছা ও সালাম গ্রহণ করবেন।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, শিল্প মন্ত্রণালয়ধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) নিয়ন্ত্রিত আটটি চালু শিল্প প্রতিষ্ঠানের (ব্রোসিয়ার সংযুক্ত) উৎপাদিত প্রকৌশল পণ্য বিদেশ থেকে মৌলিক কাঁচামাল আমদানি হতে শুরু করে উৎপাদনের সকল পর্যায়ে মাননিয়ন্ত্রণ করার কারণে দেশে প্রাপ্ত সমকক্ষ পণ্যের চেয়ে অধিক মানসম্পন্ন, নিরাপদ ও পরিবেশবান্ধব। পণ্যের মান ও স্থায়ীত্ব বিচারে আন্তর্জাতিক মানসম্পন্ন এবং অধিক সাশ্রয়ী। স্থানীয় শিল্পের পর্যায়ক্রমিক বিকাশ, দক্ষতা বৃদ্ধি ও পর্যাপ্ত কর্মসংস্থান সৃষ্টি, ইত্যাদির মাধ্যমে দেশের অর্থনীতির ভিত্তি সুদৃঢ়করণে প্রধানমন্ত্রীর কার্যালয়, একনেক সভা ও মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি শিল্প প্রতিষ্ঠানের উৎপাদিত মানসম্মত পণ্য দরপত্র ব্যতিরেকে অগ্রাধিকার ভিত্তিতে সরাসরি ক্রয়ের জন্য সুনির্দিষ্ট নির্দেশনাও রয়েছে (সংযুক্ত)। এছাড়া, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এর বিধি ৭৬(১)(ছ) অনুযায়ী সরকারি শিল্প প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয়ের বিষয়ে গুরুত্ব ও আরোপ করা হয়েছে।

২। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে দরপত্র আহবান বা প্রক্রিয়াকরণ ব্যতিরেকে বিএসইসি'র শিল্প-প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত পণ্য সরাসরি ক্রয় করা হলে নিম্নমানের পণ্য ক্রয়ের জন্য উপর্যুপরি ক্রয়ে আর্থিক অপচয় রোধ, বিক্রয়োত্তর নিশ্চিত সেবা প্রাপ্তি, দরপত্র আহবান প্রক্রিয়া/পুনঃপ্রক্রিয়াকরণে প্রশাসনিক ব্যয় হ্রাস ও পত্র-পত্রিকায় সংবাদ প্রকাশ বা অডিট আপত্তি কিংবা দুর্দক কর্তৃক তথ্য অনুসন্ধানের বিড়ম্বনা এড়ানো, ইত্যাদি বহুমুখী উপযোগিতা পাওয়া সম্ভব। অধিকন্তু, সরকারি শিল্প প্রতিষ্ঠানগুলো লাভজনকভাবে পরিচালনা করা হলে নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পণ্য উৎপাদনে বহুমুখীতা আনয়ন করে বাজারজাত করা সম্ভব হবে। অধিকন্তু, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থাসমূহের কার্যকর সহযোগিতা উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে ব্যাপক উদ্দীপনা সৃষ্টি করবে বলে আশা করা যায়। কিন্তু সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ পণ্যের গুণগতমান বিচার না করে বাজারে প্রাপ্ত কম মূল্য ও মানের পণ্য ক্রয় করে থাকে। ফলশ্রুতিতে বিএসইসি'র নিয়ন্ত্রণাধীন শিল্প-প্রতিষ্ঠানসমূহ জাতীয় অর্থনীতিতে কার্যকর ভূমিকা রাখতে পারছে না।

৩। বর্ণিত পরিস্থিতিতে সংযুক্ত সরকারি নির্দেশনার কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র ব্যতিরেকে বিএসইসি'র নিয়ন্ত্রণাধীন শিল্প-প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত পণ্য সরাসরি ক্রয়ের জন্য আপনার অধীনস্থ সকল সরকারি দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর ও স্বায়ত্তশাসিত সংস্থা প্রধানসহ প্রকল্প পরিচালকবৃন্দদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

আপনার সর্বাঙ্গীন উন্নতি ও সুস্বাস্থ্য কামনা করছি-

সত্যেন্দ্র

২৭৫২
২৪/১/১৭

প্রাপক : জনাব আব্দুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

একান্তভাবে আপনার,

মোঃ ইমতিয়াজ হোসেন চৌধুরী
চেয়ারম্যান

New Letter

২৩০
২৪.০২